


বই আকারে “ছিটে ফৌঁটা”



ডালিয়া নিলুফারের ধারাবাহিক কলাম “ছিটে ফৌঁটা” এবার বই আকারে বেরিয়েছে। প্রকাশক ‘বর্ষাদুপুর’। এবারের বাংলা একাডেমীর ২১শে গ্রন্থমেলায় বইটি পাওয়া যাবে।। স্টল নম্বর ১১৪ এবং ‘স্টুডেন্ট ওয়েজে’র এর স্টল ১৫০, ১৫১ এবং ১৫২তে। বইটি সিডনীর ২১শে বইমেলাতেও (এ্যাশফিল্ড পার্ক) পাওয়া যাবে। “মেরুদণ্ড বিক্রয় কেন্দ্র” এ খোঁজ করুন।

লেখিকা পরিচিতি

২০০৫ থেকে লেখালেখি শুরু করেন। একইসাথে সাংবাদিকতাও। দেখতে দেখতে যাই, টুকরো সন্দেশ, সপ্ত সমাচার নামে তার বেশ কয়েকটি ধারাবাহিক কলাম বেরিয়েছে অস্ট্রেলিয়ার ওয়েব ম্যাগাজিনগুলোতে। “ছিটে ফৌঁটা” বাংলা-সিডনী ডট কমের নিয়মিত কলাম। দেশের জাতীয় দৈনিক পত্রিকাতেও লিখেছেন। সিডনীর একুশে বেতারে সহ-পরিচালক হিসেবে কাজ করেছেন বেশ ক'বছর। দেশে ফিরে একটি প্রাইভেট টিভি চ্যানেলে সংবাদ নিয়ে কাজ করছেন। ভালোবাসেন গান এবং ভ্রমণ।



ছ্যাপ

জীবন এক আশ্চর্য ব্যাপার। যাকে পুরোপুরি বোঝার সাধ্য হয়না কোনদিনই। সব আছে কিন্তু কি যেন নেই! সেই কি যেন না থাকার রহস্য থাকে আমর্ত্য। যে বিচ্ছি অনুভূতি মানুষ মাত্রেই টের পায়। শত্রু মিত্র জড়িয়ে যে জীবন, তারমধ্যেই থাকে দয়াধর্ম। মায়া, মনস্তাপ। হিংসে ক্ষোভ। রেষারেষি। তবু তারজন্যেই মানুষের বড় মায়া! এক অঙ্গুত টান! দেখি খোলামেলা দুর্দশার মধ্যে শহর থাকে খোশ মেজাজে। ঠাসা আয়োজন। বেসামাল ভোগ সামগ্ৰী। শোষণ দূষণ। অস্থিরতা। অশান্তি, আক্রোশ। বললে, সে আরেক মহাভারত। তবু মানুষ এতেই এমনভাবে অভ্যন্ত হয়, যেন জীবন বলতেই এই। দেখি, রাজা আসে। রাজা যায়। গতানুগতিক। কেবল দিশেহারা মানুষের ভাগ্য-ভবিষ্যৎ হাতের তালু সাপটে থাকে। আগের মতই।

বদলায়না। তবু দেখি, কাজে কর্মে, বাণিজ্যে, সওদাতে, বহুধা-বিভক্ত হয়ে যাওয়া মানুষ। চলছে ফিরছে। ক্ষমতা, সুখ্যাতির জন্যে লড়ছে। যাবতীয় লেনদেন করছে। শব্দে। এবং নিঃশব্দেও। দৃশ্যত: এ এক চলমান ছবি। যার সামান্য এক অংশ এই লেখাগুলিতে তুলে ধরতে চেষ্টা করেছি। দেখতে দেখতে, শুনতে শুনতে একসময় নিজেই এরমধ্যে মিশে যাই। অবাক্তর ভিড়ে, চেনা অচেনা মানুষের মধ্যে মিশে যাবার আনন্দ অন্যরকম।